সমকাল

তারিখ 24 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

# বিশ্ববিদ্যালয়গুলো বরাদ্দ চায় না তাই পায় না

—— ইউজিসি চেয়ারম্যান

■ রাবি প্রতিনিধি

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেছেন, সরকার গত আট বছরে বিশ্ববিদ্যালয়গুলোর উন্নয়ন খাতে প্রায় আট হাজার কোটি টাকা বরাদ্দ রেখেছে। কিন্তু সত্যিকার অর্থে বলতে গেলে বিশ্ববিদ্যালয়গুলো এর কানাকড়িও পায়নি। কেন পায়নি? কারণ তারা বরাদ্দ চায় না। টাকা না চাইলে কেউ তো আর নিজ থেকে দেবে না। বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের জন্য টাকা চান। প্রধানমন্ত্রী শিক্ষা ব্যবস্থা উন্নয়নে বরাদ্দ দিতে রাজি আছেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগের প্রথম পুনর্মিলনী অনুষ্ঠানের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম মিলনায়তনে এ আলোচনা সভার আয়োজন করা হয়।

অধ্যাপক আবদুল মান্নান আরও বলেন, বাংলাদেশে অস্বীকার করার রেওয়াজ চালু আছে। অনেকেই তাই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে অস্বীকার করে। কিন্তু বঙ্গবন্ধুকে অস্বীকার করা মানে বাংলাদেশকে অস্বীকার করা। স্বাধীনতা যুদ্ধ ৪৬ বছর আগে শেষ হলেও এখনও অনেক পাকিস্তানি রয়ে গেছে। উর্দু ভাষাভাষি পাকিস্তানি হয়তো নেই, কিন্তু ধ্যানে, জ্ঞানে, চিন্তায় তারা পাকিস্তানি। তাদের সঙ্গে আমরা নিরন্তর লড়াই করে যাচ্ছি। বাংলাদেশে থাকতে হলে বঙ্গবন্ধুর কথা জানতে, বুঝতে ও অনুধাবন করতে হবে।

হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগের সভাপতি অধ্যাপক সালমা বানুর সভাপতিত্বে আলোচনা সভায় সম্মানিত অতিথি ছিলেন ইউজিসির সদস্য অধ্যাপক শাহ্ নওয়াজ আলি। বিশেষ অতিথি ছিলেন রাবির উপাচার্য অধ্যাপক ড. আবদুস সোবহান, উপ-উপাচার্য অধ্যাপক আনন্দ কুমার সাহা, ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৫

## বিশ্ববিদ্যালয়গুলো

[তৃতীয় পৃষ্ঠার পর]

রাজশাহী-৩ আসনের সাংসদ আয়েন উদ্দীন, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ একেএম মোস্তাফিজুর রহমান, নিউজিল্যান্ড ডেইরি প্রোডাক্টস বাংলাদেশের এমডি এসএ মল্লিক ও ওয়ালটনের এমডি এসএম আশরাফুল আলম।

আলোচনা সভা শেষে দুপুর দেড়টায় কাজী নজরুল ইসলাম মিলনায়তনে অনুষ্ঠিত হয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাধারণ সভা। বিকেল ৩টায় প্রাক্তন শিক্ষার্থীদের নিয়ে স্মৃতিচারণ ও র‌্যাফেল ড্র অনুষ্ঠিত হয়। বিকেলে সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ হয়।